

জবির উক্তিদিবিজ্ঞান বিভাগের প্রথম পুনর্মিলনী অনুষ্ঠিত

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) উক্তিদিবিজ্ঞান বিভাগের

অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রথম পুনর্মিলনী অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (১৮ জুলাই) বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের মাঠে এ

পুনর্মিলনী অনুষ্ঠিত হয়।

এ সময় প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ

অধ্যাপক ড. সাবিনা শরমীন, বিশেষ অতিথি ছিলেন শিক্ষক

সমিতির সভাপতি অধ্যাপক ড. মোশাররফ হোসেন, সাধারণ

সম্পাদক অধ্যাপক ড. রাইছ উদ্দীন ও উক্তিদিবিজ্ঞান বিভাগের

চেয়ারম্যান অধ্যাপক ড. শাহরিয়ার আহনাফ।

বিশেষ অতিথির বক্তব্যে রাইছ উদ্দীন বলেন, ‘শিক্ষাজীবনের

প্রতিটি ধাপে জমে থাকা স্মৃতি স্মরণের অন্যতম উপলক্ষ হলো এই

পুনর্মিলনী।

,

প্রধান অতিথির বক্তব্যে ড. সাবিনা শরমীন বলেন, ‘একটি

বিভাগের অ্যালামনাই অ্যাসোসিয়েশন ওই বিভাগের প্রাণ।

আমাদের শিক্ষার্থীদের কতটুকু শেখানো গেল, কে কোথায় আছে

সেটা প্রতিফলিত হয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের মাধ্যমে।

অ্যালামনাই অ্যাসোসিয়েশন থেকে আমরা কিছু নেব না দেব।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মতো আমাদেরও একটি শক্তিশালী

অ্যালামনাই সংস্কৃতি গড়ে তুলতে হবে।

,

অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি মো. আব্দুর রাজ্জাকের

সভাপতিত্বে অনুষ্ঠান সঞ্চালনা করেন অ্যালামনাইয়ের সাধারণ

সম্পাদক মো. মেহেদী হাসান। আন্বায়ক হিসেবে উপস্থিত ছিলেন

অ্যাসোসিয়েশনের সহসভাপতি মো. রাকিব হাসান।

এ ছাড়া অনুষ্ঠানে উক্তিদিবিজ্ঞান বিভাগের প্রাক্তন ও বর্তমান

শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।